**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য সাশ্রয়ী ব্রডব্যান্ড ইন্টারনেট অ্যাক্সেস নিয়ে আসতে গভর্নর হোকলের 10 মিলিয়ন ডলারের কানেক্টঅল পাইলট ইনিশিয়েটিভ চালুর ঘোষণা

***শেনাঙ্গো কাউন্টির শেরবার্ন ভিলেজে ব্রডব্যান্ড সংযোগ স্থাপনের জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি বিদ্যমান যোগাযোগ অবকাঠামো কাজে লাগাবে***

***কানেক্টঅল পাইলট ইনিশিয়েটিভের জন্য বাড়তি তিনটি টাউনকে টার্গেট করা হয়েছে: টিওগা কাউন্টিতে নিকোলাস, লুইস কাউন্টিতে ডিয়ানা টাউন, এবং সেন্ট লরেন্স কাউন্টিতে পিটকেয়ার্ন টাউন***

***পাইলট ইনিশিয়েটিভ হলো গভর্নরের 1 বিলিয়ন ডলারেরও বেশি অর্থায়নের কানেক্টঅল ইনিশিয়েটিভের অংশ, যেটি নিউ ইয়র্কের 21 শতকের ডিজিটাল অবকাঠামোর জন্য এযাবতকালের সর্ববৃহৎ বিনিয়োগ***

গভর্নর ক্যাথি হোকল আজ গ্রামীণ অঞ্চলগুলোতে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী ব্রডব্যান্ড ইন্টারনেটের অ্যাক্সেস পৌঁছে দিতে চারটি কাউন্টির জন্য একটি কানেক্টঅল মডেল প্রকল্প চালুর ঘোষণা দিয়েছেন। গভর্নরের 1 বিলিয়ন ডলারের কানেক্টঅল ইনিশিয়েটিভের (ConnectALL initiative) মাধ্যমে প্রথম পর্যায়ে গৃহীত এই উদ্যোগ থেকে প্রাথমিকভাবে উপকৃত হতে যাওয়া মিউনিসিপ্যালিটিগুলো হলো শেনাঙ্গো কাউন্টির শেরবার্ন ভিলেজ, টিওগা কাউন্টিরে নিকোলাস, লুইস কাউন্টিতে ডিয়ানা টাউন, এবং সেন্ট লরেন্স কাউন্টিতে পিটকেয়ার্ন টাউন। নিউ ইয়র্কের 21 শতকের ডিজিটাল অবকাঠামোর জন্য এযাবতকালের সর্ববৃহৎ বিনিয়োগ, কানেক্টঅল এর লক্ষ্য হলো 1 বিলিয়ন ডলারেরও বেশি সরকারি ও বেসরকারি বিনিয়োগ ব্যবহার করে নিউ ইয়র্কের ডিজিটাল অবকাঠামোর রূপান্তর ঘটানো এবং স্টেটজুড়ে ব্রডব্যান্ডের অ্যাক্সেস, সুলভতা ও সমতা সম্প্রসারণ করা। নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রতিনিধিদের পাশাপাশি শেরবার্নের মেয়র উইলিয়ান অ্যাসি এবং অন্যান্য সহযোগীরা আজ শেরবার্ন ভিলেজে আনুষ্ঠানিকভাবে প্রকল্পের কাজ চালু করার জন্য একত্রিত হয়েছেন।

"পরিবার, কর্মস্থল, স্কুল ও স্বাস্থ্যসেবা পরিষেবাগুলোর সঙ্গে সংযুক্ত থাকার জন্য নির্ভরযোগ্য ও সাশ্রয়ী ব্রডব্যান্ড কতটা গুরুত্বপূর্ণ গত দুই বছর নিউ ইয়র্কবাসীদের সে বিষয়টি মনে করিয়ে দিয়েছে, এবং বহু মানুষ দূর থেকে কর্মস্থলের কাজ করতে এবং স্কুলের লেখাপড়া করতে বাধ্য

হওয়ায় আমাদের ডিজিটাল ল্যান্ডস্কেপের গভীর শূন্যতাগুলো প্রকাশিত হয়ে পড়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "ব্রডব্যান্ড ইন্টারনেটের অ্যাক্সেস দৈনন্দিন জীবনে হিটিং, পানি ও বিদ্যুতের মতোই সমানভাবে গুরুত্বপূর্ণ, এবং কানেক্টঅল এর লক্ষ্য হলো স্টেটের প্রতিটি কোণায় নিরাপদ ও সাশ্রয়ী ব্রডব্যান্ড সংযোগ গড়ে তোলার মাধ্যমে নিউ ইয়র্কের জন্য একটি নতুন ডিজিটাল ল্যান্ডস্কেপ তৈরি করা। এই অতি গুরুত্বপূর্ণ সরকারি অবকাঠামোতে বিনিয়োগ শুধু যে আমাদের স্টেটের প্রাথমিক পর্যায়ের বিনিয়োগের অগ্রগতি শক্তিশালী করবে তাই নয়, বরং এটি আগামী দিনগুলোতে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং স্থানীয় উদ্ভাবন জোরদার করবে।"

যেসব এলাকায় স্টেটের মালিকানাধীন বিদ্যমান ফাইবার বৃহৎ ডাটা সেন্টারগুলোর (প্রথম মাইল) এবং স্বতন্ত্র বাড়িগুলোর (শেষ মাইল) মধ্যে একটি ফাইবার ব্রিজ তৈরি করতে পারবে সেসব এলাকাকে টার্গেট করার জন্য নিউ ইয়র্কের নতুন কানেক্টঅল কর্মসূচি 10 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, প্রধানত গ্রামীণ এলাকাগুলোতে যেখানে বেসরকারি ব্রডব্যান্ড সেবা প্রদানকারীরা পরিষেবা প্রদান করছে না। অলাভজনক কমিউনিটি এবং ESD, ডেভেলপমেন্ট অথোরিটি অব দ্য নর্থ কান্ট্রি (Development Authority of the North Country), ও সাদার্ন টিয়ার নেটওয়ার্ক (Southern Tier Network) সহ নিউ ইয়র্ক স্টেট সরকারের অংশীদারদের সঙ্গে কাজ করার মাধ্যমে, NYPA 2,000 এরও বেশি বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে "মিডল মাইল" এর উপর দিয়ে ফাইবার সংযোগ স্থাপন করতে স্টেটের মালিকানাধীন বিদ্যমান নেটওয়ার্কগুলোকে কাজে লাগানোর মাধ্যমে এই চারটি নির্বাচিত কাউন্টিতে প্রাথমিক পর্যায়ে ব্রডব্যান্ড স্থাপনের কাজ পরিচালনা করবে।

স্টেটব্যাপী কানেক্টঅল ইনিশিয়েটিভ এর কার্যক্রমের মধ্যে অ্যাক্সেসযোগ্য ব্রডব্যান্ড অবকাঠামোর জন্য পরিকল্পনা, প্রকৌশল, ও নির্মাণকাজ সম্পন্ন করতে স্থানীয় মিউনিসিপ্যালিটি ও অন্যান্য সত্তাগুলোকে অনুদান প্রদান করা, সেবা পাওয়া থেকে বঞ্চিত এবং যথাযথভাবে সেবা না পাওয়া বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে ব্রডব্যান্ড নেটওয়ার্ক পৌঁছে দেওয়ার জন্য একটি গ্রামীণ উন্নয়ন কর্মসূচি, স্টেটজুড়ে ব্রডব্যান্ডের সমতাপূর্ণ অ্যাক্সেস নিশ্চিত করতে একটি ডিজিটাল ইক্যুইটি কর্মসূচি, এবং অন্যান্য উদ্ভাবনমূলক কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

শেরবার্ন ভিলেজে NYPA 'মিডল মাইল' এর জন্য NYPA-র বিদ্যমান ট্রান্সমিশন সিস্টেম ক্যাবল ফাইবার ব্যবহার করতে, এবং এই ভিলেজের 1,800 বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে ফাইবার নেটওয়ার্ক নকশা, প্রকৌশল ও গড়ে তোলার কাজে ভিলেজ ও মিউনিসিপ্যালিটিকে সহায়তা করতে NYPA মিউনিসিপ্যালিটির বিদ্যুৎ গ্রাহক, শেরবার্ন ইলেক্ট্রিক (Sherburne Electric)-এর সঙ্গে কাজ করবে। এবছরের শেষ নাগাদ প্রকল্পটির কাজ সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। সম্পন্ন হয়ে গেলে, এই ব্রডব্যান্ড সংযোগ ন্যূনতম খরচে তৃতীয়-পক্ষ ইন্টারনেট পরিষেবা প্রদানকারীদের দ্বারা পরিচালনা করা হবে।

**নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ নিউ ইয়র্কবাসীদের তথ্য এবং সেইসাথে পণ্য ও পরিষেবার সমতাপূর্ণ অ্যাক্সেস পাওয়ার সক্ষমতা দেয়। আরো বেশি নিউ ইয়র্কবাসীকে ব্রডব্যান্ডের সাথে সংযুক্ত হতে সাহায্য করার জন্য পাওয়ার অথোরিটির ট্রান্সমিশন নেটওয়ার্ক ব্যবহার করাটা স্টেটব্যাপী জয়ী হওয়ার একটি কৌশল যা আমাদের সরঞ্জামের সর্বোচ্চ ব্যবহার আদায় করতে, আমাদের

কারিগরি দক্ষতা শেয়ার করতে এবং আমাদের গ্রাহকদের সাথে সম্পর্ক জোরদার করতে সুযোগ করে দিবে, যার সবকিছু আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে, বিশেষ করে আমাদের বৃহৎ স্টেটের সবচেয়ে দূরবর্তী কিছু এলাকায় বসবাসকারী ও কর্মরত লোকজনকে উপকৃত করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেন,** "প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য ব্রডব্যান্ডের অ্যাক্সেস পায় তা নিশ্চিত করা একটি অপরিহার্য বিষয় এবং এজন্য উদ্ভাবনমূলক, কমিউনিটির নেতৃত্বে পরিচালিত সমাধান আবশ্যক। গভর্নর হোকলের কানেক্টঅল ইনিশিয়েটিভের এই নতুন পাইলট প্রকল্প সত্যিকার অর্থেই একটি যুগান্তকারী প্রকল্প, যা সরাসরি নিউ ইয়র্কবাসীদের উপকৃত করতে স্টেটের বিদ্যমান ডিজিটাল অবকাঠামোকে নতুন উপায়ে কাজে লাগাচ্ছে। তাদের সব বাসিন্দা যাতে আমাদের সংযুক্ত সমাজে অংশগ্রহণ করতে পারে এবং সমৃদ্ধি লাভ করতে পারে সেজন্য ব্রডব্যান্ডের অ্যাক্সেস ও সুলভতা সম্প্রসারণ করার ক্ষেত্রে তাদের নেতৃত্বের জন্য শেরবার্ন ভিলেজ এবং এই পাইলট প্রকল্পে অংশগ্রহণকারী অন্যান্য মিউনিসিপ্যালিটি প্রশংসা পাওয়ার দাবিদার।"

**স্টেট সিনেটর পিটার ওবার‍্যাকার বলেন,** "নির্ভরযোগ্য, সাশ্রয়ী, অ্যাক্সেসযোগ্য উচ্চ-গতির ব্রডব্যান্ড অর্থনৈতিক উন্নয়ন, জরুরি পরিষেবা, শিক্ষা, ও মানসম্মত জীবনযাপনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্টেট বাজেটে ফাইবার অপটিক কর প্রত্যাহার করা এবং এখন কানেক্টঅল ইনিশিয়েটিভ নিয়ে এগিয়ে যাওয়া আরো বেশি মানুষকে অনলাইনে নিয়ে আসবে এবং ডিজিটাল বিভেদ দূর করতে সাহায্য করবে।"

**অ্যাসেম্বলি সদস্য জন লেমোন্ডেজ বলেন**, "ব্রডব্যান্ড সম্প্রসারণ একটি জটিল ও সংস্থান-নিবিড় প্রক্রিয়া, আর সেকারণে নিউ ইয়র্কের সব এলাকায় অধিকতর সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণকারী কানেক্টঅল এর মতো উদ্যোগগুলো দেখতে পাওয়া এতটা আশাব্যঞ্জক একটি ব্যাপার। ব্রডব্যান্ড প্রাত্যহিক জীবনের একটি অপরিহার্য বিষয়ে পরিণত হয়েছে, এবং সব নিউ ইয়র্কবাসী এর দ্বারা উপকৃত হওয়ার অধিকার রাখেন। এবং এই কর্মসূচির মতো কর্মসূচিগুলোর মাধ্যমে, আমরা সমগ্র নিউ ইয়র্ক জুড়ে নির্ভরযোগ্য ব্রডব্যান্ড নিয়ে আসার ক্ষেত্রে একটি চমৎকার সূচনা করতে পেরেছি।"

**শেরবার্ন ভিলেজের মেয়র উইলিয়াম অ্যাসি বলেন,** "শেরবার্ন ইলেক্ট্রিক-এর গ্রাহকদের জন্য আজ একটি দারুণ দিন। শেরবার্নের সব বাসিন্দা ও ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ব্রডব্যান্ড ইন্টারনেট অ্যাক্সেস লভ্য হওয়ার সম্ভাবনা আধুনিক সময়ে রেলপথ আসার মতো একটি ব্যাপার। নতুন, সাশ্রয়ী ব্রডব্যান্ড ইন্টারনেট অ্যাক্সেস আমাদের কমিউনিটির সীমানা প্রতীকীভাবে সম্প্রসারণ করবে, এবং শেরবার্ন ও এর বাইরের বিশ্বের মধ্যে একটি গভীরতর সংযোগ গড়ে তুলতে সাহায্য করবে। এই প্রকল্প বাস্তবে রূপ দিতে কাজ করার জন্য আমি গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট এবং পাওয়ার অথোরিটির প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।"

**সাদার্ন টিয়ার নেটওয়ার্কের প্রেসিডেন্ট ও CEO স্টিভ ম্যানিং বলেন,** "নিউ ইয়র্ক স্টেট কানেক্টঅল এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি আগামী বছরগুলোতে স্টেটের সেবা পাওয়া থেকে বঞ্চিত এবং যথাযথভাবে সেবা না পাওয়া পরিবারগুলোর ব্রডব্যান্ড চাহিদা মোকাবেলা

করার জন্য বাড়িগুলোতে ফাইবার সংযোগ প্রদানের কার্যকর, মিউনিসিপ্যালিটি কেন্দ্রিক ও দীর্ঘমেয়াদী সমাধান সৃষ্টির একটি রূপকল্প তৈরি করেছে। এই সমন্বিত পরিকল্পনা সাদার্ন টিয়ার নেটওয়ার্ক, ডেভেলপমেন্ট অথোরিটি অব দ্য নর্থ কান্ট্রি, ও শেরবার্ন ইলেক্ট্রিক কোঅপ এর মতো অলাভজনক, মিউনিসিপ্যালিটি কেন্দ্রিক ফাইবার অপটিক টেলিযোগাযোগ সংস্থাগুলোর সাথে NYPA এবং নিউ ইয়র্ক স্টেট কানেক্টঅল অফিসের কৌশলগত সঙ্গতি রক্ষা করবে, যাতে বহু বছর ধরে একটি মানসম্মত, নির্ভরযোগ্য, ও সাশ্রয়ী ইন্টারনেট পরিষেবা পাওয়ার নিদারুণ প্রয়োজন থাকা এসব বাসিন্দাকে সেবা প্রদানের জন্য আলট্রা-হাই-স্পিড ব্রডব্যান্ড অবকাঠামো গড়ে তোলার জন্য তাদের সম্মিলিত সম্পদ ও সংস্থানগুলো সৃজনশীলভাবে কাজে লাগানো যায়। নিউ ইয়র্ক স্টেট দেশের মধ্যে আমার জানামতে প্রথম সরকারি সংস্থা যেটি একটি একক মুনাফাভিত্তি পরিষেবা প্রদানকারী দ্বারা নিয়ন্ত্রিত বাজারে প্রতিযোগিতামূলক ব্রডব্যান্ড পরিষেবা নিয়ে আসার জন্য পরিকল্পনা করার সাহস করেছে।"

**ডেভেলপমেন্ট অথোরিটি অব দ্য নর্থ কান্ট্রি-এর এক্সিকিউটিভ ডিরেক্টর কার্ল ই. ফ্যারোন জুনিয়র বলেন,** "ডেভেলপমেন্ট অথোরিটি এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির মধ্যকার এই কৌশলগত অংশীদারিত্ব নর্থ কান্ট্রিতে ব্রডব্যান্ড সম্প্রসারণের পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি ইতিবাচক পদক্ষেপ। আমাদের পরিষেবা এলাকার মধ্যে যথাযথভাবে সেবা না পাওয়া স্থানগুলোতে ব্রডব্যান্ড নিয়ে যেতে সাহায্য করাটা ডেভেলপমেন্ট অথোরিটির একটি শীর্ষ অগ্রাধিকার হিসেবে রয়ে গেছে এবং সেন্ট লরেন্স ও লুইস কাউন্টিতে এই পাইলট প্রকল্প আমাদের লক্ষ্য এবং গভর্নর হোকলের কানেক্টঅল ইনিশিয়েটিভের লক্ষ্য উভয়টি পূরণ করতে সামনে এগিয়ে যেতে সাহায্য করবে।"

কানেক্টঅল সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন: https://broadband.ny.gov/

**NYPA সম্পর্কে**

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য ভিজিট করুন www.nypa.gov এবং আমাদেরকে অনুসরণ করুন Twitter, Facebook, Instagram, Tumblr ও LinkedIn-এ।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক

অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY" ("I LOVE NY") এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418